The Bangladesh Monitor - A Premier Travel Publication

# শেষ হলো আন্তর্জাতিক পর্যটন মেলা

- A Monitor Desk Report | Date: 02 November, 2025




**ঢাকা : রাজধানীর বাংলাদেশ-চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে (বিসিএফসিসি) অনুষ্ঠিত তিন দিনব্যাপী পর্যটন মেলা শেষ হয়েছে।**

শনিবার (১ নভেম্বর) ছিল ১৩তম বিমান বাংলাদেশ ট্রাভেল অ্যান্ড ট্যুরিজম ফেয়ার (বিটিটিএফ) ২০২৫-এর তৃতীয় ও শেষ দিন। এবারের মেলায় প্রায় ৪০ হাজার দর্শনার্থী অংশ নিয়েছেন।

দেশের পর্যটন শিল্পের শীর্ষস্থানীয় বাণিজ্য সংগঠন ট্যুর অপারেটরস অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ (টোয়াব) এ মেলার আয়োজন করে। এবারের আসরে বিমান বাংলাদেশ এয়ারলাইনস ছিল টাইটেল স্পন্সর, আইএইচজি গোল্ড পার্টনার ও পেমেন্ট পার্টনার হিসেবে যুক্ত ছিল বিকাশ।

আয়োজকদের তথ্য অনুযায়ী, এবারের মেলায় এয়ারলাইনস, হোটেল, রিসোর্ট, ট্যুর অপারেটর, হাসপাতাল, ক্রুজ লাইনসহ ভ্রমণ ও পর্যটনসংশ্লিষ্ট ৮০টি প্রতিষ্ঠান অংশ নেয়, যেখানে মোট ১৫০টি স্টল স্থাপন করা হয়।

মেলায় ঘুরেছেন প্রায় ৪০ হাজার দর্শনার্থী।

মেলায় মোট বিক্রি ও বাণিজ্যিক লেনদেনের পরিমাণ প্রায় ৪০ কোটি টাকা ছাড়িয়েছে।

এছাড়া এবারের মেলায় অংশ নেয় বিমান বাংলাদেশ এয়ারলাইনস, শ্রীলংকান এয়ারলাইনস, এয়ার আরাবিয়া, থাই এয়ারওয়েজ, এয়ার এশিয়া, তুর্কিশ এয়ারলাইনস ও ড্রুক এয়ারসহ দেশী-বিদেশী বহু প্রতিষ্ঠান।

এর মধ্যে বিমান বাংলাদেশ তিনদিনে প্রায় ৩ কোটি টাকার টিকিট বিক্রি করেছে।

অংশগ্রহণকারী প্রতিষ্ঠানগুলো অত্যন্ত সন্তোষজনক সাড়া পেয়েছে বলে জানায় টোয়াব।

হোটেল ও রিসোর্ট প্রতিষ্ঠানগুলো বিশেষ ছাড়ে রুম ও ভ্রমণ প্যাকেজ বিক্রি করেছে। ছয়টি হোটেল ও রিসোর্ট তাদের শেয়ার বিক্রি করেছে, যা বিদেশী বিনিয়োগ আকর্ষণের ইতিবাচক ইঙ্গিত বহন করে।

মেলার শেষ দিনে অংশগ্রহণকারী সংস্থাগুলোকে ক্রেস্ট ও সার্টিফিকেট প্রদান করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) নুজহাত ইয়াসমিন।

এছাড়া উপস্থিত ছিলেন টোয়াবের সভাপতি মো. রাফেউজ্জামান, মো. তাসলিম আমিন শোভন  পরিচালক (বাণিজ্য ও মেলা)সহ অন্যরা।

-B